

শুখবর

কলকাতা ● ১১ ভাদ্র ১৪৩০ ● মঙ্গলবার ● ২৯ আগস্ট ২০২৩

আড়ম্বরের সঙ্গে ইসকনে পালিত হচ্ছে ঝুলনযাত্রা উৎসব

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : রবিবার নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে শুরু হয় ইঙ্কনের প্রধান কার্যালয় মায়াপুর ইসকন মন্দিরের ঝুলন উৎসব। ইঙ্কন মায়াপুরের জনসংযোগ আধিকারিক রসিক গৌরাঙ্গ দাস জানান, ইঙ্কন মায়াপুরের ঝুলন উৎসব এবছর ৩৯তম বর্ষে পাদিয়েছে। যা চলবে ৩১ আগস্ট পূর্ণিমা তিথি পর্যন্ত। এ ক'র্দিন নানান ধর্মীয় আচার অনুষ্ঠান চলবে। রাখি পূর্ণিমার দিনটির আলাদা আরেকটি গুরুত্ব রয়েছে। তা হল ওইদিন প্রভু বলরাম জয়ন্তী দিন হিসেবেও পালিত হয়। প্রতিদিন বিকেল ৫টো থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত ইঙ্কন মায়াপুরের



গোশালার পাশে এই ঝুলন উৎসবের আয়োজন করা হয়। বিকেল ৫টোয় চন্দ্ৰোদয় মন্দির থেকে নাম সংকীর্তন সহযোগে রাধা, কৃষ্ণের মূর্তি ঝুলন উৎসবের জায়গায় নিয়ে যাওয়া হয়, যা দেখতে দেশ-বিদেশ থেকে হাজার

হাজার ভক্তের সমাগম ঘটে। পাশাপাশি ভক্তদের সুরক্ষা নিশ্চিত করতে ইসকন কর্তৃপক্ষের পক্ষ থেকে কড়া নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ভক্তদের মধ্যে প্রসাদ বিতরণের ব্যবস্থা রাখা হয়েছে।